# এস এস সি পরীক্ষা ২০১৬ এর মডেল প্রশ্ন (সকল বোর্ডের জন্য)

## অর্থনীতি

বিষয় কোড : | ১ | ৪ | ১ |

সৃজনশীল প্রশ্ন

সময় — ২ ঘণ্টা ১০ মিনিট | পূর্ণমান — ৬০

*[দ্রষ্টব্য :- দক্ষিণ পার্শ্বস্থ সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ দিয়ে পড়ো এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর যথাযথ উত্তর দাও। যে কোনো ছয়টি প্রশ্নের উত্তর দাও। প্রত্যেক প্রশ্নের মান ১০।]*

১. ▶ হামিদ তার কথার মাধ্যমে সহজেই মানুষকে উদ্বুদ্ধ করতে পারে। মানুষকে সংগঠিত করার দক্ষতা তার অপরিসীম। দেশের বিভিন্ন স্থান থেকে আসা মালামাল সংরক্ষণের জন্য সদরঘাটে তার একটি ঘর আছে। এখান থেকে কর্মচারীরা তার কথা মতো দেশের বিভিন্ন স্থানে মালামাল সরবরাহ করে।

ক. অর্থনৈতিক দ্রব্য কাকে বলে? ১

খ. প্রাকৃতিক সম্পদ বলতে কী বোঝায়? ২

গ. হামিদের সদরঘাটের ঘরটি অর্থনীতিতে কোন ধরনের দ্রব্য? ব্যাখ্যা কর। ৩

ঘ. হামিদের গুণাবলি কি সম্পদ? উত্তরের সপক্ষে যুক্তি দেখাও। ৪

২. ▶ জহির তার নানাবাড়ি মধুপুরে বেড়াতে যায়। তার নানা পুকুরে মাছ চাষ করেন। জহির তার নানাবাড়ির পাশে প্রচুর গাছপালা ও জীবজন্তু দেখতে পায়। সে জানতে পারে এটি একটি বিশেষ ধরনের অঞ্চল।

ক. CCA-এর পূর্ণরূপ কী? ১

খ. মোট দেশজ উৎপাদন বলতে কী বোঝায়? ২

গ. জহির তার নানাবাড়ির পাশে যে অঞ্চলটি দেখতে পায় সেটি অর্থনীতির কোন খাতের অন্তর্ভুক্ত তা ব্যাখ্যা কর। ৩

ঘ. বাংলাদেশের অর্থনীতিতে জহিরের নানার চাষকৃত মাছের অবদান পাঠ্যপুস্তকের আলোকে বিশ্লেষণ কর। ৪

৩. ▶ রেজা সাহেব একটি ভালো বেসরকারি প্রতিষ্ঠানে চাকরি করেন। ভালো বেতন পান। সরকারকে প্রতিবছর কর দেন। তিনি এবং তার প্রতিষ্ঠান সরকারের আয় পরিমাপে বিভিন্ন পরিসংখ্যান দিয়ে থাকেন।

ক. শিল্প কী? ১

খ. একচেটিয়া বাজার বলতে কী বোঝায়? ২

গ. কর পরিশোধের পর রেজা সাহেবের যে অংশ থাকে তাকে কী বলে? ৩

ঘ. জাতীয় আয় পরিমাপের পদ্ধতিগুলো পাঠ্যপুস্তকের আলোকে বিশ্লেষণ কর। ৪

http://teachingbd.com

৪. ▶ জামান সাহেব একজন ব্যাংক কর্মকর্তা। তিনি কেন্দ্রীয় ব্যাংকের একজন কর্মকর্তা। সাধারণ মানুষের ধারণা মুদ্রা ছাপানো ও অন্যান্য ব্যাংকে তা পৌঁছানো কেন্দ্রীয় ব্যাংকের কাজ। এ ব্যাংক কেবল সরকারের ব্যাংক হিসেবে কাজ করে। তাই কেন্দ্রীয় ব্যাংককে অন্যান্য ব্যাংকের অভিভাবক বলা হয়।

ক. কেন্দ্রীয় ব্যাংক বলতে কী বোঝায়? ১

খ. নিকাশঘর বলতে কী বোঝায়? ২

গ. বাংলাদেশ ব্যাংক ও অন্যান্য ব্যাংকের পার্থক্য দেখাও। ৩

ঘ. বাংলাদেশ ব্যাংক কীভাবে অন্যান্য ব্যাংকের অভিভাবক হিসেবে কাজ করে? ৪

৫. ▶ সবুজ মিয়া একজন দরিদ্র কৃষক। জমিতে যে ফসল উৎপাদন করে তা দিয়ে পরিবারের খরচ মেটায়। তার প্রতিবেশী কৃষক সবুজ মিয়া মুনাফার উদ্দেশ্যে কৃষিকাজ পরিচালনার করে।

ক. কৃষিকাজ কাকে বলে? ১

খ. কৃষিকাজে সনাতন পদ্ধতিতে চাষাবাদ বলতে কী বোঝায়? ২

গ. উদ্দেশ্যের দিক থেকে সবুজ মিয়া কি ধরনের কাজ করেন? ব্যাখ্যা কর। ৩

ঘ. সবুজ মিয়ার তুলনায় সবুজ মিয়া বাংলাদেশের অর্থনীতিতে অধিক অবদান রাখে— মূল্যায়ন কর। ৪

৬. ▶ একটি পণ্যের চাহিদা সূচি দেওয়া হলো—

| প্রতি একক পণ্যের দাম | চাহিদার পরিমাণ |
|---|---|
| ২.০০ | ২০ |
| ৪.০০ | ১৫ |
| ৬.০০ | ১০ |
| ৮.০০ | ৫ |

ক. চাহিদা কী? ১

খ. চাহিদা বিধি ব্যাখ্যা কর। ২

গ. উপরের সূচি থেকে চাহিদা রেখা অঙ্কন কর। ৩

ঘ. অন্যান্য অবস্থা অপরিবর্তিত থেকে দাম বাড়ার পাশাপাশি আয়ের বৃদ্ধি ঘটলে চাহিদা রেখার কী পরিবর্তন হবে? ব্যাখ্যা কর। ৪

http://teachingbd.com

৭.▶কামাল দোকানে গিয়ে একটি ম্যাটাডর কলম চাইল। দোকানদার তাকে বললো, ইকোনো কলমের দাম কমেছে নেবেন। কামাল দোকানদারকে বললো, মানে ও গুণে কি এই কলম আলাদা?

ক. ফার্ম কাকে বলে? ১

খ. স্বল্পকালীন বাজারের ধারণা দাও। ২

গ. কামালের ক্রয়কৃত দ্রব্যটি কোন বাজারের পণ্য? ব্যাখ্যা কর। ৩

ঘ. পূর্ণ প্রতিযোগিতামূলক বাজারের সাথে কামালের ক্রয়কৃত পণ্যের বাজারের সম্পর্ক ব্যাখ্যা কর। ৪

৮.▶সালাহ উদ্দিন সাহেবের আদা ও রসুনের বড় আড়ত রয়েছে। তার আড়তের পাশাপাশি আর একটি আড়ত রয়েছে। এসব আড়তে একই রকম দ্রব্য বিক্রি করা হয়। এসব দ্রব্য ক্রয়-বিক্রয়ে কোনো দরদাম হয় না।

ক. Monopoly শব্দের অর্থ কী? ১

খ. স্থানীয় বাজারে পচনশীল দ্রব্য ক্রয়-বিক্রয় হয় মন্তব্য কর। ২

গ. সালাহ উদ্দিন সাহেবের আড়ত কোন ধরনের বাজার ব্যাখ্যা কর। ৩

ঘ. উক্ত বাজারের বৈশিষ্ট্য তোমার পাঠ্যবইয়ের আলোকে বিশ্লেষণ কর। ৪

৯.▶নুরুল সাহেব তিনটি পোশাক কারখানার মালিক। তিনি তার কারখানার কাঁচামাল হিসেবে বিদেশ থেকে তুলা, সুতা, প্রভৃতি আমদানি করে। তার এই আমদানি রপ্তানি কাজের ক্ষেত্রে দেশে বিদেশে যাতে কোনো ধরনের সমস্যার সম্মুখীন না হন সে জন্য তিনি একটি ব্যাংকের পরামর্শ নেন।

ক. গ্রামীণ ব্যাংক কাকে বলে? ১

খ. সঞ্চয়ের বাহন হিসেবে মুদ্রা কীভাবে কাজ করে? ব্যাখ্যা কর। ২

গ. নুরুল সাহেব যে ব্যাংক থেকে পরামর্শ গ্রহণ করে তার প্রথম ও প্রধান কাজ ব্যাখ্যা কর। ৩

ঘ. নুরুল সাহেবের ন্যায় ব্যবসায়ীদেরকে সহায়তা দানে উক্ত ব্যাংক কোন ধরনের ভূমিকা পালন করে বিশ্লেষণ কর। ৪

Teachingbd.com

# অর্থনীতি : বহুনির্বাচনি অভীক্ষা

সময় — ৪০ মিনিট পূর্ণমান — ৪০ বিষয় কোড : | ১ | ৪ | ১ |

*[বিশেষ দ্রষ্টব্য : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট করো। প্রতিটি প্রশ্নের মান ১।]*

**১. বর্তমান ইউরোপীয় সভ্যতার মূলভিত্তি কোনটি?**
(ক) গ্রিক চিন্তাবিদদের ভাবনা
(খ) চৈনিক চিন্তাবিদদের ভাবনা
(গ) মার্কিন চিন্তাবিদদের ভাবনা
(ঘ) আধুনিক চিন্তাবিদদের ভাবনা

**২. এরিস্টটলের সময়ে নিচের কোন ঘটনাটি ঘটে?**
(ক) অর্থনৈতিক মন্দা দেখা যায়
(খ) মুদ্রাস্ফীতি হয়
(গ) ভূমির ওপর ব্যক্তিমালিকানা প্রতিষ্ঠিত হয়
(ঘ) কোনোটিই নয়

**৩. 'অর্থনীতি মানবজীবনের সাধারণ কার্যাবলি আলোচনা করে'— উক্তিটি কার?**
(ক) মার্শাল (খ) রিকার্ডো
(গ) মিলার (ঘ) এল জেসি

**৪. সাধারণত মানুষ কোন পর্যায়ে চিন্তা করে?**
(ক) সামষ্টিক পর্যায়ে (খ) প্রান্তিক পর্যায়ে
(গ) ব্যষ্টিক পর্যায়ে (ঘ) বৃহৎ পরিসরে

**৫. কোথায় প্রথম ধনতান্ত্রিক অর্থ ব্যবস্থার প্রচলন হয়?**
(ক) অস্ট্রেলিয়ায় (খ) আমেরিকায়
(গ) ইউরোপে (ঘ) ভারতে

**৬. সমাজতান্ত্রিক অর্থ ব্যবস্থার বৈশিষ্ট্য হলো—**
i. রাষ্ট্রীয় মালিকানা
ii. কেন্দ্রীয় পরিকল্পনা
iii. ভোক্তার স্বাধীনতার অভাব
**নিচের কোনটি সঠিক?**
(ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

**৭. মিশ্র অর্থব্যবস্থার বৈশিষ্ট্য কয়টি?**
(ক) ৪টি (খ) ৫টি
(গ) ৬টি (ঘ) ৯টি

**৮. নিচের কোনটি বাণিজ্যবাদ প্রসারকাল?**
(ক) ১৪০০-১৫০০ (খ) ১৫৯০-১৭৮০
(গ) ১৬৯০-১৭৮০ (ঘ) ১৪৯০-১৬৮০

**৯. বাংলাদেশের কোথায় চীনামাটির মজুদ আছে?**
(ক) বিজয়পুর (খ) রামপুর
(গ) ফরিদপুর (ঘ) রংপুর

**১০. বাংলাদেশের কোথায় কঠিন শিলা মজুদ আছে?**
(ক) বিজয়পুর (খ) ভাঙারহাট
(গ) রাণীপুকুর (ঘ) দিনাজপুরের মধ্যপাড়া

**১১. সুন্দরবনের আয়তন কত বর্গকিলোমিটার?**
(ক) প্রায় ৬০১৭ (খ) প্রায় ৬০৯১
(গ) প্রায় ৬১২৫ (ঘ) প্রায় ৬৭৫৪

**১২. বাংলাদেশের মোট জনশক্তির কতভাগ কৃষিতে নিয়োজিত?**
(ক) ২১ ভাগ (খ) ৫০ ভাগ
(গ) ৬০ ভাগ (ঘ) ৭৫ ভাগ


**১৩. বাংলাদেশের জাতীয় রাজস্ব বোর্ড শতকরা কতভাগ কর নিয়ন্ত্রণ করে?**
(ক) ১৬.৬ (খ) ১৩.৮
(গ) ৮.০ (ঘ) ৫৬.২

**১৪. বাংলাদেশ সরকারের আয়ের অন্যতম উৎস কোনটি?**
(ক) সম্পূরক শুল্ক (খ) আমদানি শুল্ক
(গ) ভূমি রাজস্ব (ঘ) আবগারি শুল্ক

**১৫. ভবিষ্যতে কোন খাতটির আওতা আরও সম্প্রসারণ করা হবে?**
(ক) আয়কর (খ) মুনাফার ওপর কর
(গ) মূল্য সংযোজন কর (ঘ) অন্যান্য কর

**১৬. কোনটি সরকারের আয়ের উৎস?**
(ক) কৃষি (খ) পরিবেশ ও বন
(গ) নন জুডিশিয়াল স্ট্যাম্প (ঘ) বিদ্যুৎ

**নিচের ছকটি লক্ষ করো এবং ১৭-১৯ নং প্রশ্নের উত্তর দাও:**




**১৭. চলতি ও মূলধন বাজেট বিভক্ত হয়েছে কোনটির ভিত্তিতে?**
(ক) সাধারণ প্রকৃতির ভিত্তিতে
(খ) আয়-ব্যয়ের প্রকৃতির ভিত্তিতে
(গ) কর উত্তোলন প্রকৃতির ভিত্তিতে
(ঘ) ব্যয়ের ভিত্তিতে

**১৮. উন্নয়ন বাজেটের কয়টি অংশ রয়েছে?**
(ক) ২ (খ) ৩
(গ) ৪ (ঘ) ৫

**১৯. '?' চিহ্নিত স্থানে কোনটি বসবে?**
(ক) রাজস্ব বাজেট (খ) মূলধন বাজেট
(গ) ঘাটতি বাজেট (ঘ) উদ্বৃত্ত বাজেট

**২০. অর্থনৈতিক উন্নয়নের পেছনের প্রভাবক কী?**
(ক) উৎপাদন (খ) ভোগ
(গ) বিনিয়োগ (ঘ) সবগুলো

Teachingbd.com

২১. উন্নত দেশ প্রকৃতিকে বশে এনেছে কোন জ্ঞানের দ্বারা?
(ক) সাধারণ জ্ঞান (খ) কর্মমুখী জ্ঞান
(গ) কারিগরি জ্ঞান (ঘ) বাস্তব জ্ঞান

২২. ব্র্যাক কত সালে প্রতিষ্ঠিত হয়?
(ক) ১৯৭০ সালে (খ) ১৯৭১ সালে
(গ) ১৯৭২ সালে (ঘ) ১৯৭৩ সালে

২৩. উন্নয়নশীল দেশের বৈশিষ্ট্য হলো—
i. কম মাথাপিছু আয়
ii. শিল্পে অনগ্রসরতা
iii. উদ্যোক্তার অভাব
নিচের কোনটি সঠিক?
(ক) i ও ii (খ) ii ও iii
(গ) i ও iii (ঘ) i, ii ও iii

২৪. দেশের মোট শ্রমশক্তির কত শতাংশ কৃষিখাতে নিয়োজিত?
(ক) ৩৩.৩ (খ) ৪০.৫
(গ) ৪৭.৩ (ঘ) ৬০.০

২৫. বাংলাদেশে প্রাকৃতিক গ্যাস বাণিজ্যিক জ্বালানির কত শতাংশ পূরণ করে?
(ক) ২৫% (খ) ৪৫%
(গ) ৬৫% (ঘ) ৭৫%

২৬. জীবনযাত্রার মান পূর্বাপেক্ষা উন্নত হলে যা ঘটবে—
i. গড় আয়ু বাড়বে
ii. মুদ্রাস্ফীতি বাড়বে
iii. স্বাক্ষরতার হার বাড়বে
নিচের কোনটি সঠিক?
(ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

২৭. বিহিত মুদ্রাকে কত ভাগে ভাগ করা যায়?
(ক) দুই (খ) ছয়
(গ) চার (ঘ) পাঁচ

২৮. বাংলাদেশের একশ টাকার নোট কী ধরনের মুদ্রা?
(ক) প্রতীক (খ) সসীম বিহিত
(গ) অসীম বিহিত (ঘ) প্রামাণিক

২৯. অর্থের প্রথম ও প্রধান কাজ কী?
(ক) সঞ্চয়ের বাহন (খ) মূল্যের পরিমাপক
(গ) বিনিময় স্থানান্তর (ঘ) বিনিময়ের মাধ্যম

৩০. GNI কী?
(ক) Great Net Income
(খ) Great National Income
(গ) Gross National Income
(ঘ) Gross Net Encome

৩১. জাতীয় আয় গণনার পদ্ধতি মূলত কয়টি?
(ক) দুই (খ) তিন
(গ) চার (ঘ) পাঁচ

৩২. কৃষির মাধ্যমে দেশজ উৎপাদন বৃদ্ধির ক্ষেত্রে গুরুত্বপূর্ণ নির্ধারক হলো—
i. ভূমি
ii. প্রাকৃতিক সম্পদ
iii. মূলধন
নিচের কোনটি সঠিক?
(ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

৩৩. কোন বাজারে ঋণ লেনদেন করা হয়?
(ক) মূলধন বাজার (খ) অর্থ বাজার
(গ) নিউমার্কেট (ঘ) শ্রম বাজার

৩৪. নিচের কোনটি বাংলাদেশে একচেটিয়ামূলক প্রতিযোগিতায় বাজারের উদাহরণ?
(ক) বিদ্যুৎ (খ) ডাক টিকেট
(গ) সয়াবিন তেল (ঘ) মোটা চাল

৩৫. কোনটি ছাড়া উৎপাদন, ব্যবসায় নিয়ন্ত্রণ অসম্ভব?
(ক) দক্ষ শ্রমিক (খ) সংগঠন
(গ) কাঁচামাল (ঘ) শিল্প এলাকা

৩৬. দ্রব্য ব্যবহারের মাধ্যমে কী অর্জন হয়?
(ক) তৃপ্তি (খ) অভাব
(গ) বৃদ্ধি (ঘ) উপযোগ

নিচের উদ্দীপকটি পড়ো এবং ৩৭ ও ৩৮ নং প্রশ্নের উত্তর দাও:

রহিম একজন ফল বিক্রেতা। সে হঠাৎ লক্ষ্য করল যে কমলার দাম বেড়েছে। ফলে বেশি লাভের আশায় সে কমলা বিক্রি বাড়িয়ে দিল।

৩৭. রহিমের ফলের যোগানের শর্ত নয় কোনটি?
(ক) নির্দিষ্ট সময় (খ) নির্দিষ্ট স্থান
(গ) নির্দিষ্ট দ্রব্য (ঘ) নির্দিষ্ট দাম

৩৮. রহিমের ফল বিক্রি লক্ষ্য করলে যোগানের যে বৈশিষ্ট্য প্রকাশ পায় তা হলো—
i. দাম বাড়লে যোগান বাড়ে
ii. দাম কমলে যোগান কমে
iii. দাম বাড়লে যোগান স্থির থাকে
নিচের কোনটি সঠিক?
(ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

৩৯. EPZ-এ কতটি শিল্প প্রতিষ্ঠান উৎপাদনরত রয়েছে?
(ক) ৩১৫টি (খ) ৩৫১টি
(গ) ৫১৩টি (ঘ) ৫১০টি

৪০. রাসায়নিক দ্রব্য তৈরিতে কোনটি ব্যবহৃত হয়?
(ক) চুনাপাথর (খ) সিলিকা বালু
(গ) চীনামাটি (ঘ) গন্ধক

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ক | ২ | গ | ৩ | ক | ৪ | খ | ৫ | গ | ৬ | ঘ | ৭ | খ | ৮ | খ | ৯ | ক | ১০ | গ | ১১ | ক | ১২ | ক | ১৩ | ঘ | ১৪ | খ | ১৫ | গ | ১৬ | গ | ১৭ | খ | ১৮ | ক | ১৯ | গ | ২০ | গ |
| ২১ | গ | ২২ | গ | ২৩ | ঘ | ২৪ | গ | ২৫ | ঘ | ২৬ | খ | ২৭ | ক | ২৮ | গ | ২৯ | ঘ | ৩০ | গ | ৩১ | খ | ৩২ | ঘ | ৩৩ | ক | ৩৪ | ক | ৩৫ | খ | ৩৬ | ঘ | ৩৭ | ঘ | ৩৮ | ক | ৩৯ | খ | ৪০ | খ |

Teachingbd.com

http://teachingbd.com